দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 JUL 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২

(৪৪)

12

# সমাজ ও দেশোন্নয়নে শিক্ষার কোন বিকল্প নাই

## —প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল (শনিবার) বলেন, প্রাথমিক শিক্ষাকে আমাদের জাতীয় জীবনে সর্বাধিক গুরুত্ব প্রদান করিলে গণ-সাক্ষরতা কর্মসূচীর বাস্তবায়ন কর্মসূচী সম্ভব হইবে।

বেগম জিয়া জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের সদস্যদের উদ্দেশে বলেন, 'প্রাথমিক শিক্ষা হইল মূল স্তম্ভ—যাহার উপর আমাদের সামগ্রিক শিক্ষা ব্যবস্থা বহুলাংশে

(১১শ পৃ: ৩-এর ক: দ্র:)

### প্রধানমন্ত্রী

( ১ম পৃ: পর )

নির্ভরশীল'। তাহারা প্রধানমন্ত্রীর সহিত তাহার সচিবালয়ের দপ্তরে সাক্ষাৎ করেন। খবর বাসস'র।

প্রধানমন্ত্রী বলেন, সমাজ ও দেশের উন্নয়নের জন্য শিক্ষার কোন বিকল্প নাই। আমাদের সাক্ষরতার হার এবং সেইসঙ্গে দেশের শিক্ষার মান উন্নীত করিতে হইবে। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী সরকারের কর্মসূচীকে সফল করিয়া তুলিতে শিক্ষকদের বিরাট ভূমিকার কথা স্মরণ করাইয়া দেন। তিনি আশা প্রকাশ করেন যে, শিক্ষকেরা এব্যাপারে তাহাদের অবদান রাখিবেন।

বেগম খালেদা জিয়া বলেন, তাহার সরকার দেশের পল্লী এলাকায় প্রাথমিক বিদ্যালয়সমূহের উন্নয়নে পদক্ষেপ গ্রহণ করিবে। তিনি এজন্য তাহাদের পরামর্শ ও সহযোগিতা কামনা করেন। শিক্ষকগণ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সহিংসতা দূরীকরণ এবং শান্তি ও শৃঙ্খলা পুন:প্রতিষ্ঠার লক্ষ্যে রাজনৈতিক নেতাদের মহাসম্মেলন আহ্বানের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান। গত শুক্রবার রাতে অনুষ্ঠিত মহাসম্মেলনে ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত রাখা ও দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুষ্ঠু শিক্ষার পরিবেশ পুন:প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ প্রয়াস চালানোর ব্যাপারে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়। সম্মেলনে ৫টি প্রধান প্রশ্নও চিহ্নিত করা হয় যাহা অচিরেই অনুষ্ঠিতব্য পরবর্তী বৈঠকে আলোচনা করা হইবে। শিক্ষকেরা তাহাদের পূর্ণ সমর্থন জ্ঞাপন এবং বৈঠকের প্রচেষ্টাকে সম্পূর্ণ সাফল্যমণ্ডিত করিতে দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন। তাঁহারা মত প্রকাশ করেন যে, এ ধরনের উদ্যোগ ছিল দীর্ঘ প্রতীক্ষিত। ফেডারেশনের সদস্যগণ বলেন, পূর্ববর্তী সরকার তাহাদের নিজস্ব স্বার্থ হাসিলের জন্য বিগত ৯ বছরে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে হিংসা-হানাহানিকে মদদ দিয়াছিল। তাঁহারা বলেন, সকল রাজনৈতিক দলকে লইয়া বৈঠক অনুষ্ঠান সহিংসতা পরিহার এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শান্তি পুনরুদ্ধারের জন্য সরকারের সদিচ্ছাই প্রকাশিত হইয়াছে।

শিক্ষকেরা জনগণের জীবনের মান পরিবর্তনে বর্তমান সরকারের সংক্ষিপ্ত কার্যমেয়াদে প্রশাসনের গৃহীত বিভিন্ন প্রচেষ্টারও প্রশংসা করেন। ফেডারেশনের সদস্যরা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে একটি স্মারকলিপিও প্রদান করেন। জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যাপক এম, শরিফুল ইসলাম শিক্ষক প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

এতদুপলক্ষে উপস্থিত ছিলেন: বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক এনামুল হক খান সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোজাফফর হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলাম প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব ফজলুর রহমান, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবদুল লতিফ, সরকারী কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক মো: হাসানুল বারি, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের সহ-সভাপতি অধ্যাপক আবুল কাশেম, অধ্যক্ষা মিসেস শামসুন্নাহার আহমদ এমপি, সরকারী কলেজ শিক্ষক সমিতির যুগ্ম-সচিব অধ্যাপক খলিলুর রহমান, কলেজ শিক্ষক সমিতির অধ্যক্ষ মোকাররম হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির এম, এ, জলিল, বাংলাদেশ শিক্ষক সমিতির মিসেস দিলারা জামান, প্রাথমিক শিক্ষক সমিতির জসিম উদ্দিন ও কলেজ শিক্ষক সমিতির অধ্যাপক মো: মহসীন।

বাসস অপর খবরে জানায়, বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত উইলিয়াম বি মাইলাম গতকাল সন্ধ্যায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তাঁহার বাসভবনে সাক্ষাৎ করেন। তাঁহারা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। পররাষ্ট্রমন্ত্রী এ এস এম মোস্তাফিজুর রহমান এ সময় উপস্থিত ছিলেন।